ঠিকাদারি জামানতের অর্থ ফেরত না দেওয়ায় বিশ্ববিদ্যালয়ের নির্বাহী প্রকৌশলীকে পেটানোর অভিযোগে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যবিপ্রবি) জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ইকবাল কবির জাহিদের বিরুদ্ধে মামলা করেছেন বিশ্ববিদ্যালয়ের নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) মিজানুর রহমান। বুধবার যশোরের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ও আমলি আদালতে মামলা করেন তিনি।

মামলার বিবরণে জানা যায়, অধ্যাপক ইকবাল কবির জাহিদ ও সেকশন অফিসার শাহিন হোসেন গ্যালারির দরজার বাইরে বের হয়ে আসার পর ইকবাল কবির জাহিদ প্রকৌশলী মিজানুর রহমানকে সিঁড়ির নিচে টেনে নিয়ে যান। সেখানে নিয়ে গিয়ে ইকবাল মিজানুর রহমানকে মারধর করে জিজ্ঞাসা করেন, বারবার নির্দেশ দেওয়া সত্ত্বেও বাদী মো. আজিজুল ইসলামকে নিরাপত্তা জামানতের এক লাখ ৮০ হাজার টাকা কেন এখনো প্রদান করেননি?

এরপর অনেকে ঘটনাস্থলে ছুটে এলে আসামিদ্বয় বাদীকে ২৪ ঘণ্টার মধ্যে ওই নিরাপত্তা জামানতের টাকা আজিজুল ইসলামকে প্রদানের সময়সীমা বেঁধে দেন।

বিজ্ঞাপন